কাফনের কাপড় রেডি রাখিস, ওসিকে হত্যার হুমকিতে থানায় জিডি



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের মিরসরাইয়ের জোরারগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল হালিমকে হোয়াটসঅ্যাপে প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। তাঁর পরিবারের সদস্যদের ক্ষতি করা, বংশ নিশ্চিহ্ন করে দেওয়াসহ থানায় ছাত্রলীগের নেতাকর্মীদের গ্রেপ্তার না করার হুঁশিয়ারিও দেওয়া হয়েছে।

বুধবার (১৮ নভেম্বর) রাত ৮টা ৫৩ মিনিট থেকে বিভিন্ন সময়ে ওসির সরকারি মোবাইল নম্বরের হোয়াটসঅ্যাপে এসব বার্তা পাঠানো হয়। দক্ষিণ আফ্রিকার আন্তর্জাতিক কলিং কোড ব্যবহার করা একটি নম্বর থেকে অজ্ঞাতপরিচয় ব্যক্তি বার্তাগুলো পাঠিয়েছেন।

বার্তায় ইংরেজিতে ওসির পরিবারের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশের কথা বলে তাঁকে নিজের কর্মকাণ্ড বন্ধ করার হুঁশিয়ারি দেওয়া হয়। পরে বাংলায় পাঠানো বার্তায় বলা হয়, ‘পরিবার শেষ করে দেব, বংশ শেষ করে দেব। আজকের পর থেকে কোনো ছাত্রলীগের নেতা-কর্মীকে গ্রেপ্তার করা হলে খবর আছে।’

আরেকটি বার্তায় ওসিকে অন্যায়ভাবে গ্রেপ্তার করা থেকে বিরত থাকতে বলা হয়। অন্যথায় তাঁকে রাস্তায় পড়ে থাকতে হবে উল্লেখ করে কাফনের কাপড় প্রস্তুত রাখার হুমকিও দেওয়া হয়।

এ ঘটনায় নিজের ও পরিবারের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে জোরারগঞ্জ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন বলে জানিয়েছেন ওসি মোহাম্মদ আব্দুল হালিম।